

শেকুবি ও জাপানের ইয়ামাগাটা বিশ্ববিদ্যালয়ের মধ্যে চুক্তি স্বাক্ষর

শেকুবি প্রতিদিন
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ও জাপানের
ইয়ামাগাটা বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের মধ্যে
সোমবার এক যৌথ পাবেষণা চুক্তি স্বাক্ষরিত হয়।
এ চুক্তি অনুযায়ী এখন থেকে এ দুটি
বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী ও শিক্ষকগণ পারস্পরিক
সহযোগিতার মাধ্যমে বিভিন্ন প্রশিক্ষণ ও
গবেষণার পরিচালনা করবেন। বিশ্ববিদ্যালয়
কানফারেন্স হলে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের
পক্ষে উপাচার্য প্রফেসর ড. এএম ফারুক এবং
ইয়ামাগাটা বিশ্ববিদ্যালয়ের পক্ষে ওই
বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের ডিন প্রফেসর
ইউকি নাকাসীমা চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তি
স্বাক্ষর অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন
প্রফেসর শাদাত উল্লাহ, কৃষি অনুষদের ডিন
প্রফেসর শামসুল হক, শেকুবি রেজিস্ট্রার প্রফেসর
আবু জাকবর মিয়া, পাবেষণা পরিচালক (শাউরেস)
প্রফেসর মনজুল আনম সরদার এবং ইয়ামাগাটা
বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. তাকাশি নিশিয়াও।
পরে জাপানে উচ্চ শিক্ষার সুযোগ-সুবিধা গার্হস্থ্য
সেবিনার অনুষ্ঠিত হয়।